

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৪ মে ২০২৩ তারিখ দুপুর ০২.৩০ ঘটিকায় কোরিয়ার ইনচনে-এ Economic Development Cooperation Fund (EDCF) এর অর্থায়নে ২০২৩-২০২৭ মেয়াদে ৩.০০ বিলিয়ন মার্কিন ডলারের নমনীয় ঋণ সহায়তার Framework Arrangement স্বাক্ষরিত হয়। উক্ত Framework Arrangement এর আওতায় বাংলাদেশের গুরুত্বপূর্ণ বৃহৎ প্রকল্পসমূহ বাস্তবায়ন করা হবে। এ ফ্রেমওয়ার্ক অ্যারেঞ্জমেন্ট-এর আওতায় যে সকল ঋণ চুক্তি স্বাক্ষরিত হবে তার প্রতিটির বাৎসরিক সুদের হার হবে ০.০১% থেকে ০.০৫%। ঋণ পরিশোধের সময়সীমা ৪০ বছর এবং গ্রেস পিরিয়ড ১৫ বছর। অবশ্য প্রোগ্রামের ক্ষেত্রে বার্ষিক সুদের হার ০.৫-১.০% এবং ঋণ পরিশোধের সময়সীমা ২৫ বছর (৭ বছর গ্রেস পিরিয়ডসহ)

একই সময়ে বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং কোরিয়ার Ministry of Economy and Finance-এর মধ্যে “Dhaka Mass Rapid Transit Development Project (Line-4)” শীর্ষক প্রকল্পের Memorandum of Understanding (MoU) স্বাক্ষরিত হয়। এ প্রকল্প EDPF ও EDCF এর যৌথ অর্থায়নে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন DMTCL কর্তৃক বাস্তবায়ন করা হবে।

এছাড়া রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ রেলওয়ে কর্তৃক “Replacement and Modernization of Signaling and Interlocking System of Stations of Ishurdi-Parbatipur Section in West Zone of Bangladesh Railway” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ৬১.০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণের এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনে বিআরটিসি কর্তৃক “Procurement of CNG Single Decker AC Buses for BRTC” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ৭৭.৪৪ মিলিয়ন মার্কিন ডলার ঋণের ঋণ চুক্তিদ্বয়ও একই দিন স্বাক্ষরিত হয়। উক্ত ঋণদ্বয়ের সুদের হার ০.০১% (নমনীয়) এবং ঋণ পরিশোধের মেয়াদ ৪০.৫ বছর (১৫.৫ বছর গ্রেস পিরিয়ডসহ)।

বর্ণিত Framework Arrangement এবং “Dhaka Mass Rapid Transit Development Project (Line-4)” শীর্ষক প্রকল্পের Memorandum of Understanding (MoU) বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মিজ শরিফা খান এবং কোরিয়া সরকারের পক্ষে Mr. Kisun BANG, 1st Vice Minister of Economy and Finance স্বাক্ষর করবেন।

“Replacement and Modernization of Signaling and Interlocking System of Stations of Ishurdi-Parbatipur Section in West Zone of Bangladesh Railway” শীর্ষক এবং “Procurement of CNG Single Decker AC Buses for BRTC” শীর্ষক প্রকল্পের ঋণ চুক্তিদ্বয় বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ শাহরিয়ার কাদের ছিদ্দিকী এবং কোরিয়া সরকারের পক্ষে Mr. Hee-Sung YOON, Chairman and President of Korea EximBank স্বাক্ষর করেন।

কোরিয়া সরকার তাদের উন্নয়ন সহযোগী সংস্থা কোরিয়া এক্সিম ব্যাংকের মাধ্যমে ১৯৯৩ সাল থেকে বাংলাদেশের আর্থ-সামাজিক ও অবকাঠামোগত উন্নয়ন এবং তথ্য প্রযুক্তির প্রসারে নমনীয় ঋণসহায়তা প্রদান করে আসছে। ইতোমধ্যে কোরিয়া সরকারের সহায়তায় ৬৬৪.৭৭ মিঃ মাঃ ডলারে মোট ১৭টি প্রকল্প

সমাপ্ত হয়েছে। এছাড়া ৬১৬.২৮ মিলিয়ন মার্কিন ডলারের ৭টি প্রকল্প বর্তমানে চলমান রয়েছে। কোরিয়া সরকার এ পর্যন্ত বাংলাদেশকে প্রায় ১৪৪৯.০৩ মিলিয়ন মার্কিন ডলার নমনীয় ঋণ মঞ্জুর করেছে, যা তার উন্নয়ন অংশীদার দেশসমূহের মধ্যে ২য় সর্বোচ্চ।

Press Release

Today at 2:30 PM on 4 May 2023 A "Framework Arrangement" has been signed between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Korea to provide soft loan of US\$ 3.00 billion during the period 2023-2027. The amount will be used as project assistance at various development projects in Bangladesh to be undertaken during that period. Interest rate of the loan agreements to be signed under this Framework Arrangement will be 0.01% to 0.05% with 40 years repayment period and 15 years grace period. However, in case of program interest rate will be 1% with 25 years repayment period and 07 years grace period.

On the same day MoU on Dhaka Mass Rapid Transit Development Project (Line-4) Project is signed between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Korea. DMTCL under Road Transport and Highways Division will implement this project through EDCF-EDPF co-financing.

Besides Loan Agreement of Replacement and Modernization of Signaling and Interlocking System of Stations of Ishurdi-Parbatipur Section in West Zone of Bangladesh Railway" project amounting 61.00 million USD to be implemented by Bangladesh Railway under Ministry of Railways and another Loan Agreement of "Procurement of CNG Single Decker AC Buses for BRTC" project amounting 77.44 million USD to be implemented by BRTC under Road Transport and Highways Division are also signed on the same day. Interest rate of these loans is 0.01% and repayment period is 40.5 years (including 15.5 year grace period).

Ms. Sharifa Khan, Secretary, Economic Relations Division and Mr. Kisun BANG, 1st Vice Minister of Economy and Finance, Republic of Korea signed the Framework Arrangement and the MoU on Dhaka Mass Rapid Transit Development Project (Line-4) project on behalf of their respective governments.

Mr. Md. Shahriar Kader Siddiky, Additional Secretary, Economic Relations Division and Mr. Hee-Sung YOON, Chairman and President of Korea EximBank signed the above mentioned two Loan Agreements on behalf of their respective governments.

The Korean Government has been providing soft loan through the Economic Development Cooperation Fund (EDCF) for the development of socio-economic, infrastructure and ICT sectors in Bangladesh since 1993. 17 projects worth of US\$ 664.77 million has been completed with assistance from the EDCF and another 7 projects worth of US\$ 616.28 are currently ongoing. As of now total commitment from the EDCF has been US\$ 1449.03 million. This is the second largest amount committed by the Korean Government for its development partners.